

চট্টগ্রাম শিক্ষা বোর্ড এসএসসি পাসের হার কমলেও বেড়েছে জিপিএ ৫

নিজৰ প্রতিবেদক, চট্টগ্রাম



ফাইল ছবি

চট্টগ্রাম বোর্ডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায়

(২০২৫) পাসের হার গতবারের (২০২৪) চেয়ে ১০ দশমিক ৭৩

শতাংশ কম। গতবছর পাসের হার ছিল ৮২ দশমিক ৮০ শতাংশ।

এবার তা থেকে কমে পাসের হার দাঁড়াল ৭২ দশমিক শূন্য ৭

শতাংশ।

পাসের হার কমলেও গতবারের চেয়ে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীর

সংখ্যা বেড়েছে।

এবার জিপিএ ৫ পেয়েছে ১১ হাজার ৮৪৩ জন এবং গতবছর

জিপিএ ৫ পেয়েছিল ১০ হাজার ৮২৩ শিক্ষার্থী।

আজ বৃহস্পতিবার (১০ জুলাই) ২০২৫ সালের এসএসসি ও
সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়। দুপুরে চট্টগ্রাম শিক্ষা
বোর্ডের সম্মেলন কক্ষে এবার এসএসসি পরীক্ষার ফল প্রকাশ
উপলক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে ফল
ঘোষণা করেন পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. পারভেজ সাজাদ
চৌধুরী।

এ সময় বোর্ড চেয়ারম্যান প্রফেসর ইলিয়াছ উদ্দিন আহাম্মদ,
সচিব প্রফেসর ড. এ কে এম সামছু উদ্দিন আজাদ প্রমুখ উপস্থিত
ছিলেন।

সংবাদ সম্মেলনে চট্টগ্রাম শিক্ষা বোর্ড চেয়ারম্যান প্রফেসর ইলিয়াছ
উদ্দিন আহাম্মদ বলেন, সামগ্রিক ফলাফল নিয়ে আমরা সন্তুষ্ট।

পাসের হার কম হওয়ার বিষয়ে তিনি বলেন, ‘অন্যান্য বিভাগের
তুলনায় এবার মানবিক বিভাগ ফল ভালো করেনি। এ ছাড়া তিন
পাবর্ত্য জেলায় গতবারের চেয়ে এবার ফল খারাপ করেছে।

মূলত এসব কারণে পাসের হার কিছুটা কমেছে।’

ফলাফল বিশ্লেষণ করে জানা যায়, গতবারের মতো এবারও
ছাত্রদের তুলনায় ছাত্রীরা পাসের হার ও জিপিএ ৫ প্রাপ্তিতে এগিয়ে
রয়েছে। পাসের হার শতভাগ এমন বিদ্যালয়ের সংখ্যা ৩৩।
পাসের হার শূন্য এমন বিদ্যালয়ের সংখ্যা একটি। ওই বিদ্যালয়ের
নাম চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার নারায়নহাট বালিকা
উচ্চ বিদ্যালয়।

